

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৬২

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৩৫. ফজরের ও মাগরিবের সালাতে কিরাআত

القراءة في الصبح والمغرب

আরবী

حَدِيْثُ أَبِي بَرْزَةَ قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي الصُّبْحَ وَأَحَدُنَا يَعْرِفُ جَلِيسَهُ وَيَقْرَأُ فِيهَا مَا بَيْنَ السِّبِّينَ إِلَى الْمِائَةِ وَيُصلِّي الظُّهْرَ إِذَا زَالَتْ الشَّمْسُ وَالْعَصْرَ وَالْعَصْرَ وَالْعَصْرَ وَلَا عَدُنَا يَذْهَبُ إِلَى أَقْصَى الْمَدِينَةِ رَجَعَ وَالشَّمْسُ حَيَّةٌ وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَعْرِبِ وَلاَ يُبَالِي بِتَأْخِيرِ الْعِشَاءِ إِلَى ثُلُثِ اللَّيْلِ

বাংলা

২৬২. আবূ বারযাহ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন সময় ফজরের সালাত আদায় করতেন, যখন আমাদের একজন তার পার্শ্ববর্তী অপরজনকে চিনতে পারতো। আর এ সালাতে তিনি ষাট হতে একশ' আয়াত তিলাওয়াত করতেন এবং যুহরের সালাত আদায় করতেন যখন সূর্য পশ্চিম দিকে ঢলে পড়তো। তিনি 'আসরের সালাত আদায় করতেন এমন সময় যে, আমাদের কেউ মদীনার শেষ প্রান্তে পৌঁছে আবার ফিরে আসতে পারতো, তখনও সূর্য সতেজ থাকতো। রাবী বলেন, মাগরিব সম্পর্কে তিনি [আবূ বার্যা (রাযি.)] কী বলেছিলেন, আমি তা ভুলে গেছি। আর 'ইশার সালাত রাতের এক-তৃতীয়াংশ পর্যন্ত পিছিয়ে নিতে তিনি কোনোরূপ দ্বিধাবোধ করতেন না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯ : সালাতের সময়সমূহ, অধ্যায় ১১, হাঃ ৫৪১; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৩৫, হাঃ ৪৬১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ বার্যা আল-আসলামী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন